

## বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

সেক্টর - ৮, প্লট - ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা - ১২৩০  
bpi.gov.bd

বিষয় : বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর ইনোভেশন টিমের মার্চ, ২০১৮ মাসের সভার কার্যবিবরণী।


বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর মার্চ, ২০১৮ মাসের ইনোভেশন টিমের সভা গত ২৭-০৩-২০১৮ তারিখ বেলা ১০.০০ ঘটিকার সময় বিপিআই এর ইনোভেশন অফিসার পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) জনাব সানজিদা সোবহান এর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় ইনোভেশন টিমের নিম্নবর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেন:-

- ১। বেগম দিলারা পারভীন, সহকারী পরিচালক, প্রশাসন শাখা, বিপিআই, ঢাকা।
- ২। বেগম দিলারা চৌধুরী, সহকারী পরিচালক, ভান্ডার শাখা, বিপিআই, ঢাকা।

সভার শুরুতে উপস্থিত ইনোভেশন অফিসার সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| নং | আলোচনা   | সিদ্ধান্ত   | বাস্তবায়নকারী   |
|----|--|---|--|
| ১। | সভার প্রারম্ভে পূর্বের সভার কার্যবিবরণী কোনরূপ সংশোধনীর প্রয়োজন আছে কিনা তা জানতে চাওয়া হলে উপস্থিত কর্মকর্তা জানান যে সংশোধনের প্রয়োজন নাই।  | কোন সংশোধনী না থাকায় ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।   | সহকারী পরিচালক, প্রশাসন শাখা                                     |
| ২। | বিপিআই এ অনুষ্ঠিতব্য প্রশিক্ষণের রেজিস্ট্রেশন ফরম সকল প্রশিক্ষণার্থী কর্তৃক অনলাইনে পূরণ করার বিষয়ে পূর্বে সভায় পৃথকভাবে পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু এখনও পত্র দেয়া হয়নি মর্মে সভায় জানানো হয়। | বিপিআই এ অনুষ্ঠিতব্য প্রশিক্ষণের রেজিস্ট্রেশন ফরম সকল প্রশিক্ষণার্থী কর্তৃক অনলাইনে পূরণ করার বিষয়ে ১৫ এপ্রিল ২০১৮ তারিখের মধ্যে পৃথকভাবে পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।                 | বৈজ্ঞানিক কর্মকর্তা (এস.ও)                                       |
| ৩। | বিপিআই এ প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাদি সন্নিবেশ করার লক্ষ্যে বোর্ড তৈরী করার বিষয়ে পূর্বের সভার ধারাবাহিকতায় আলোচনা হয়। দ্রুত বোর্ড তৈরী করার বিষয়ে পুনরায় তাগিদ দেয়া হয়।                                   | প্রশিক্ষণের তথ্যাদি সন্নিবেশ করার লক্ষ্যে ১টি বোর্ড ১৫ এপ্রিল ২০১৮ তারিখের মধ্যে দ্রুত তৈরী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।   | বৈজ্ঞানিক কর্মকর্তা (এস.ও)                                       |
| ৪। | উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের লক্ষ্যে হিসাব শাখা ও ভান্ডার শাখার জন্য উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। সফটওয়্যারক্রয়ের প্রক্রিয়া করণের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে মর্মে সভায় জানানো হয়।         | উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের জন্য হিসাব শাখা ও ভান্ডার শাখা উদ্ভাবনী উদ্যোগ হিসেবে সফটওয়্যার এর মাধ্যমে সেবা সহজীকরণ পদ্ধতি মে ২০১৮ মাসের ১ম সপ্তাহের মধ্যে চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী পরিচালক, ভান্ডার শাখা<br>২। সহকারী পরিচালক, হিসাব শাখা |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
( সানজিদা সোবহান )  
পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)  
ও  
ইনোভেশন অফিসার, বিপিআই, ঢাকা।  
Email:dir@bpi.gov.bd

নং-২৮.০৪.০০০০.০০৩.০৬.০০১.১২-৬১৩

তারিখ : ৫ এপ্রিল, ২০১৮  
২২ চৈত্র, ১৪২৪

বিতরণ : সদয় জ্ঞাতার্থে :

- ১। সচিব  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
দৃষ্টি আকর্ষণ: উপ-সচিব, প্রশাসন-৩ অধিশাখা
- ২। অতিরিক্ত সচিব (সংস্কার)  
মন্ত্রিপরিষদ বিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক, এটুআই  
প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, বিপিআই, ঢাকা।

কার্যার্থে :

- ১। বেগম আমিনা নাসরীন, বৈজ্ঞানিক কর্মকর্তা (এস.ও), বিপিআই, ঢাকা।
- ২। বেগম দিলারা পারভীন, সহকারী পরিচালক, প্রশাসন শাখা, বিপিআই, ঢাকা।
- ৩। বেগম দিলারা চৌধুরী, সহকারী পরিচালক, ভান্ডার শাখা, বিপিআই, ঢাকা।